

অন্তর কঠিন হয়ে যায় কেন?

2014-08-30 14:08:54 QuranerAlo Editor

প্রবন্ধটি পড়া হলে, শেয়ার করতে ভুলবেন না

রহমান রহীম আল্লাহ্ তায়ালার নামে-



লেখকঃ আবুল কাসেম মুহাম্মদ মাসুম বিল্লাহ | সম্পাদনাঃ ড. আবু বকর মুহাম্মদ যাকারিয়া

মুসলিম উল্লাহ আজ যে সব মহাপরীক্ষা ও মহা মুছিবতে পতিত এবং কঠিন ও ভয়াবহ বেগে আক্রান্তহয়েছে, তন্মধ্যে এমনই একটি বোগ হলো: অন্তর (ফ্লালব) কঠিন হয়ে যাওয়া।

নিম্নলিখিত কারণে ফ্লালব বা অন্তর কঠিন হয়ে যায়:-

১- নামায়ের জামা'আতে হায়ির হওয়ার ব্যাপারে অবহেলা ও গাফলতি করা এবং মসজিদে সকাল সকাল না যাওয়া বরং দেরী করা।

২- কুরআনকে পরিত্যাগ করা অর্থাৎ বিনয়-নশ্রতা আর মনোযোগ এবং চিত্তা গবেষণাসহকারে কুরআন তেলাওয়াত না করা।

৩- হারাম রজি যেমন:সুদ, ঘৃষ, মাল্টি পারপাস, ইন্দ্রিয়েন এবং বেচাকেনাসহ বিভিন্ন লেনদেনে প্রতারণা ও জালিয়াতি সহ অন্যান্য হারাম পদ্ধতিতে রজি-বোজগার করার কারণে।

৪- অহংকার, বড়াই, প্রতিশ্রোধপরায়ণতা, মানুষের দোষ-ক্রটি বা অপরাধকে মাফ না করা, মানুষকে অবহেলা করে নিকৃষ্ট মনে করা, মানুষকে নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করা।

৫- দুনিয়ার প্রতি আসক্ত হয়ে ঝুঁকে পড়া, দুনিয়া দ্বারা প্রতারিত হওয়া এবং মৃত্যুকে, কবরকে এমনকি

আখেরাতকে ভুলে যাওয়া।

৬- যে কোনো বেগানা নারীর দিকে তাকানো হারাম; যা অন্তরকে কঠোর করে দেয়।

৭- দাঁড়ি গজায়নি এখনো এমন সুন্দর ছেলের দিকে অযথা তাকানো হারাম; তাই সেটাও অন্তর কঠোর করে দেওয়ার অন্যতম কারণ।

৮- আমি নিজে প্রতিদিন কি কি খাবাপ কাজ করলাম? নিজের সমালোচনা নিজে না করা, বরং মানুষের সমালোচনা করা।

৯- অনেক দিন দুনিয়ায় থাকবো, অনেক কিছুর মালিক হবো এমন ভুল ধারণা মনের ভিতর থাকা।

১০- আম্মার যিকির বেশী বেশী না করে বরং বেশী বেশী কথা বলা, বেশী বেশী হাসাহাসি-তামাশা এবং মশকারী বা মজাক করা।

১১- বেশী খাওয়া-দাওয়া করা।

১২- বেশী ঘুম যাওয়া।

১৩- মানুষের উপর জুলুম করা।

১৪- শরীয়তের কোনো আদেশ-নিষেধ লংঘন হওয়ার কারণ ব্যতীত অন্য কোনো কারণে রাগ করা।

১৫- ইসলামের দাওয়াত দেওয়ার উদ্দেশ্য ব্যতীত কাফেরের দেশ ভ্রমণে বের হওয়া।

১৬- মিথ্যা, গীবত (পরচর্চা) এবং একজনের কথা অন্যের নিকট গিয়ে বলার মাধ্যমে উভয়ের মধ্যে ফাসাদ সৃষ্টি করা।

১৭- খাবাপ মানুষের সাথে উঠাবসাও চলাফেরা করা।

১৮- অন্য মুসলিমকে মনে মনে অথবা প্রকাশ্য হিংসা করা।

১৯- একজন মুসলিমের উন্নতি সহ্য করতে না পারা, বরং তার ধ্বংস কামনা করা।

২০- অন্য মুসলিম ভাইয়ের সাথে শক্রতা করা, ঘৃণা করা এবং তাকে অপচুল্দ করা।

২১- আপনার নিজের বা মুসলিম ভাইয়ের কোনো লাভ বা ফায়েদা ব্যতীত নিজের ও অপরের সময় নষ্ট করা।

২২- ইসলামী জ্ঞান শিক্ষা না করা এবং ইসলামী শিক্ষা হতে নিজকে দূরে সরিয়ে রাখা।

২৩- জাদুকর, গণক, জেতিষ্ঠী, তত্ত্বমন্ত্বকারীর নিকট যাওয়া।

২৪- মাদক, নেশাজাতীয় দ্রব্য, বিড়ি-সিগারেট, হস্কা, লতা ওয়ালা হস্কা সহ যাবতীয় তামাক ও তামাকজাত এবং ক্ষতিকর দ্রব্য পান করা।

২৫- সকাল-সন্ধ্যার যিকরসমূহ পাঠ না করা।

২৬- গান শুনা, হিন্দী সহ যাবতীয় লেংটা, চরিত্রহীন হারাম ফিল্ম দেখা, পতিত (খাবাপ) চাটি পত্রিকা ম্যাগাজিন পাঠ করা।

২৭- আম্মাহর নিকট সর্বদা গুরুত্বসহকাবে দো'আ না করা।

'আপনিও হোন ইসলামের প্রচারক'

প্রবন্ধের লেখা অপরিবর্তন রেখে এবং উৎস উল্লেখ্য করে আপনি Facebook, Twitter, ব্লগ, আপনার বন্ধুদের Email Address সহ অন্য Social Networking ওয়েবসাইটে শেয়ার করতে পারেন, মানবতার মুক্তির লক্ষ্য ইসলামের আলো ছড়িয়ে দিন। "কেউ হেদায়তের দিকে আহবান করলে যতজন তার অনুসরণ করবে প্রত্যেকের সমান সওয়াবের অধিকারী সে হবে, তবে যারা অনুসরণ করেছে তাদের সওয়াবে কোন কমতি হবেনা" [সহীহ মুসলিম: ২৬৭৪]